

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮২৪

আগরতলা, ২২ জুন, ২০২২

নাইসিং পাড়ায় ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি

উত্তর জেলার বিভিন্ন ম্যালেরিয়া প্রাদুর্ভাব অঞ্চলগুলিতে ম্যালেরিয়া রোগ নিয়ন্ত্রণে স্বাস্থ্যকর্মীরা নিয়মিত বিশেষ ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি করে চলেছেন। এর অঙ্গ হিসাবে গত ১৭ জুন গছিরাম পাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন নাইসিং পাড়াতে ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে এলাকার মোট ৩৫০ জনকে চিকিৎসা পরিশেষা প্রদান করা হয় এবং ম্যালেরিয়া সনাক্তকরণে আরডিকিট দ্বারা রক্তের নমুনা পরীক্ষা করা হয়। তাতে কারোর দেহে ম্যালেরিয়া প্যারাসাইট পাওয়া যায়নি। উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন এমপিডব্লিও গোবিন্দ দেব ও এলাকার আশাকর্মীরা।

ভাডারিমা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন সীমানাপুর এলাকায় গত ১৭ জুন ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে এলাকার মোট ১০৬ জনের আরডি কিটে ম্যালেরিয়া সনাক্তকরণের জন্য রক্ত পরীক্ষা করা হয়। তাতে সাত জনের দেহে ম্যালেরিয়া প্যারাসাইট পাওয়া যায়। তাঁদেরকে বিনামূল্যে ম্যালেরিয়ার ওষুধ প্রদান করা হয়। এই কর্মসূচিতে স্বাস্থ্যকেন্দ্রের এমপিডব্লিও মনোজ কুমার কলই ও এলাকার আশাকর্মীরা অংশগ্রহণ করেন।

আনন্দবাজার সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন ভাডারিমা উপস্বাস্থ্যকেন্দ্রের অধীন খাসনাম পাড়া এলাকায় গত ১৭ জুন ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে এলাকার মোট ৩২ জনকে চিকিৎসা পরিশেষা প্রদান করা হয়। তাতে উপস্থিত সকলকে ম্যালেরিয়া সনাক্তকরণে আরডিকিট দ্বারা রক্তের নমুনা পরীক্ষা করা হয়। সকলেরই রিপোর্ট নেগেটিভ ছিল। এই কর্মসূচিতে এমপিডব্লিও গোপাল চাকমা ও এলাকার আশাকর্মীরা অংশগ্রহণ করেন। উক্ত সবগুলি কর্মসূচিতেই স্বাস্থ্যকর্মীরা সকলকে ম্যালেরিয়া প্রতিরোধে ঘুমানোর সময় নিয়মিত মশারি ব্যবহার করা, ঘরের ভেতরে ডিডিটি স্প্রে করা, যথাসম্ভব ফুলহাতা জামা-কাপড় পরিধান করা ও জ্বর হলে অবশ্যই হাসপাতালে গিয়ে ম্যালেরিয়া সনাক্তকরণে পরীক্ষা করা ও কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধের উপায় নিয়ে আলোচনা করেন ও পরামর্শ প্রদান করেন।
